

সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ রমযানের কাযা আদায় ও শাউওয়ালের ছয় দিনের সাওম এক নিয়্যাতে এক সাথে আদায় করা শুদ্ধ নয়।

রচয়িতা/সঙ্কলকঃ ইসলাম কিউ এ (Islamga.com)

আমার জন্য কি শাউওয়ালের ছয় দিনের সাওম ও হায়েয জনিত কারণে রমযানে ভঙ্গ হওয়া দিনগুলোর কাযা এক নিয়্যাতে পালন করা জায়েয?

ফাত্ওয়া নং- 39328

উত্তর :

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

না, তা শুদ্ধ নয়, কারণ শাওয়ালের ছয় দিনের সিয়াম রমযানের ছুটে যাওয়া সিয়াম পুরোপুরি কাযা না করা পর্যন্ত শুরু হবে না।

শাইখ ইবন 'উসাইমীন 'ফাতৃওয়া আস-সিয়াম' (৪৩৮)- এ বলেছেন :

"যে 'আরাফাতের দিন অথবা 'আশুরা'-এর দিনে সাওম পালন করে এবং তাঁর উপর রামাযানের সাওম কাযা করা বাকী রয়েছে, তাঁর সিয়াম শুদ্ধ হবে, কিন্তু যদি এই দিনে রমযানের কাযা আদায়ের ও নিয়াত করে তবে তাঁর দুই বার সাওয়াব (প্রতিদান) হবে- 'আরাফাতের দিন অথবা 'আশুরা'র দিন সাওম পালনের সাওয়াব ও কাযা আদায়ের সাওয়াব।'

এটি সাধারণ নাফল সাওমের ক্ষেত্রে প্রযোজ্য যা রমযানের সাথে সম্পৃক্ত নয়।

তবে শাউওয়ালের ছয় দিনের সিয়াম রমযানের সাথে সম্পৃক্ত এবং তা রমযানের কাযা আদায়ের পরেই হতে হবে। তাই যদি কেউ কাযা আদায়ের আগে তা পালন করে তবে তাঁর সাওয়াব (প্রতিদান) হবে না কারণ নবী - সাল্লাল্লাহু 'আলাইহিস সালাম- বলেছেন :

«من صام رمضان ثم أتبعه بست من شوال فكأنما صام الدهر»

"যে রমযানের সাওম পালন করল, এরপর শাওয়ালের ছয় দিনের সাওম পালন করল, সে যেন গোটা বছর সাওম রাখল।"

আর এটি জানা বিষয় যে, যার উপর রমযানের কাযা সাওম বাকী রয়েছে, সে রমযান এর সাওম পালন করেছে বলে ধরা হবে না, যে পর্যন্ত না সে তাঁর কাযা সম্পন্ন করে।"

Islam Q & A



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন